গাংনীতে ডা.নাজমুল হক সাগরের পক্ষ থেকে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন

গাংনী উপজেলা আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সভাপতি,সাবেক গণপরিষদ সদস্য ও সাবেক সংসদ সদস্য মরহুম নূরুল হকের সুযোগ্য পুত্র রাজশাহী মেডিকেল কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদক ডা.এ.এস.এম.নাজমুল হক সাগরের পক্ষ থেকে ২১ শে ফেব্রুয়ারি মহান ভাষা শহীদদের প্রতি পুস্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করা হয় ও শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি ও জেলা যুবলীগের সাবেক সিনিয়র সহ-সভাপতি সবুক্তগীন মাহমুদ পলাশ,মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শাহজাহান আলী,গাংনী উপজেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক জিয়াউর রহমান জিয়া,জেলা ছাত্রলীগের সহ-সভাপতি হুমায়ন কবির লিখন,সাবেক ছাত্রনেতা চপল,গাংনী উপজেলা ছাত্রলীগের সহ-সভাপতি তৌফিক আজিজ মুন্না,তরিকুল ইসলাম উজ্জ্বল,শিমুল পারভেজ অন্তর,সহ-সম্পাদক নয়ন আলী,শ্রমিক নেতা পলাশ,হাফিজুর হাফি,ছাত্রনেতা কনিক,মুন্না, আশিক প্রমুখ।

মহাজনপুরে উদ্ধার হওয়া লাশ গাংনীর বালিয়াঘাট গ্রামের বুলুয়ারার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুর গ্রামের এস আর ইটভাটার পশ্চিমে গমক্ষেত থেকে বস্ত্রবিহীন এক মধ্য বয়সি নারীর উদ্ধার করা মরদেহের পরিচয় সনাক্ত হয়েছে।

মুজিবনগরে প্রথম প্রহরে শহীদ বেদিতে শ্রদ্ধাঞ্জলি অর্পন

রাষ্টের পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন উপজেলা প্রশাসনের পক্ষে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস ও উপজেলা চেয়ারম্যান জীয়াউদ্দীন বিশ্বাস।

পূষ্পমাল্য অর্পন করেন মুজিবনগর থানার পক্ষে অফিসার ইনচার্জ মেহেদি রাসেল,বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন এর নেতৃত্বে জাতীর শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা ও সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ এর নেতৃত্বে উপজেলা আওয়ামীলীগ, উপজেলা যুবলীগ ,উপজেলা সেচ্ছাসেবকলীগ এর সহ সভাপতি মতিউর রহমান মতিন এর নেতৃত্বে উপজেলা সেচ্ছাসেবক লীগ, উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক শাহিনুর রহমান মানিক এর নেতৃত্বে উপজেলা কৃষকলীগ, ছাত্রলীগের পক্ষে মোনাখালি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি স্বপন গাজী ও বাগোয়ান ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ নেতৃত্বে উপজেলা ছাত্রলীগ, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ুব হোসেন এর নেতৃত্বে ইউনিয়ন পরিষদ, ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজের নেতৃত্বে মোনাখালী ইউনিয়ন পরিষদ, মুজিবনগর উপজেলার সভাপতি হাসানুজ্জামান লালটুর নেতৃত্বে ইয়াং বাংলা ফিউচার লিডার, সহ আওয়ামীলীগের বিভিন্ন অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ পুষ্পার্ঘ অর্পণ করেন ।

এছাড়াও বিভিন্ন সামাজিক রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠন এবং শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষে পুষ্পার্ঘ অর্পণ করা হয়।

একুশের প্রথম প্রহরে বীর

শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন

একুশের প্রথম প্রহরে রাত ১২.১ মিনিটে শহীদ বেদীতে শ্রদ্ধাঞ্জলি নিবেদনের মাধ্যমে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের কর্মসূচী শুরু হয়েছে।

মেহেরপুর শহীদ ড. সামসুজ্জোহা পার্কের কেন্দ্রীয় শহীদ মিনারে প্রথমে রাষ্ট্রের পক্ষে শ্রদ্ধাঞ্জলি অর্পন করেন জেলা প্রশাসক ড. মোহাম্ম¥দ মুনসুর আলম খান।

জেলা জজ আদালতের পক্ষে জেলা জজ মো. শহিদুল ইসলাম, পুলিশ সুপারের পক্ষে অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, জেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড. আব্দুস সালাম, মেহেরপুর জেলা আওয়ামী লীগের পক্ষে সহসভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, এ্যাড. মিয়াজান আলী, আব্দুল মান্নান, এ্যাড. ইয়ারুল ইসলাম, যুগ্ম সম্পাদক এ্যাড. ইব্রাহীম শাহীন, উপজেলা পরিষদের পক্ষে এ্যাড. ইয়ারুল ইসলাম, পুলিশ বিভাগের পক্ষে পুলিশের সকল কর্মকর্তা, মেহেরপুর পৌরসভার পক্ষে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন ও কাউন্সিলর বৃন্দ, মেহেরপুর জেলা প্রেসক্লাবের পক্ষে সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু। একে একে বিভিণ্ন সংগঠণ, রাজনৈতিক দল, বিবিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

মেহেরপুর জেলা আওয়ামী যুবলীগের বিক্ষোভ মিছিল

পদযাত্রার নামে বিএনপি জামাতের সন্ত্রাস সহিংস রাজনীতি প্রকাশ্যে অস্ত্রের মহড়া ও সাধারণ জনগণের উপর হামলার প্রতিবাদে মেহেরপুর জেলা আওয়ামী যুবলীগের বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

গতকাল সোমবার রাতে মেহেরপুর কমিউনিটি সেন্টার থেকে মিছিলটি বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়। এতে নেতৃত্ব দেন জেলা যুবলীগের আহবায়ক পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

সদর থানা যুবলীগের যুগ্ন আহবায়ক সাজেদুর রহমান সাজুর সঞ্চালনায় মেহেরপুর জেলা যুব লীগের আহবায়ক ও মেহেরপুর পৌরসভার চেয়ারম্যান মাহফুজুর রহমান রিটনের সভাপতিত্বে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মেহেরপুর সদর উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক আল মামুন, মেহেরপুর পৌরসভার ৬ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আরিফ, মেহেরপুর আইনজীবী সমিতির সদস্য এডভোকেট রাসেল, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি মফিজুর রহমান মফিজ, শহর যুবলীগের যুগ্ন সাধারণ সম্পাদক শহিদুজ্জামান সুইট, জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জুয়েল রানা সহ বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরের মহাজনপুরে অজ্ঞাত মহিলার মরদেহ উদ্ধার

মুজিবনগর উপজেলার মহাজনপুর সড়কের পাশে একটি গমক্ষেতে পরিচয় হীন একজন মধ্যবয়সী নারীর মরদেহ উদ্ধার করেছে মুজিবনগর থানা পুলিশ।

সোমবার দুপুরে মুজিবনগর উপজেলার মহাজনপুর গ্রামের জনৈক রাজ্জাক এর ইট ভাটার পাশে গম খেত থেকে ঐ নারীর লাশ উদ্ধার কর হয়।

এ বিষয়ে মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মেহেদী রাসেল বলেন, স্থানীয় কালু মেম্বার কৃষকদের মাধ্যমে জানতে পেরে আমাকে জানায়। আমি তৎক্ষণিক পুলিশ পাঠিয়ে লাশ হেফাজতে নেয়া হয়। প্রাথমিক তদন্তে হত্যাকাণ্ড বলে ধারণা করা হচ্ছে। গলায় ও মাথাই আঘাতের চিহ্ন রয়েছে। তবে নিশ্চিত হওয়ার জন্য লাশ ময়নাতদন্তের জন্য পাঠানোর প্রস্তুতি নেয়া হচ্ছে।

মৃত নারীর কোন পরিচয় এখনো উদ্ধার করা সম্ভব হয়নি তবে পুলিশ

গাংনীতে মাঠ থেকে কৃষকের স্যালো মেশিন চুরি

গাংনী উপজেলার বানিয়া পুকুর গ্রামের মাঠ থেকে শহিদুল ইসলাম নামের এক কৃষকের স্যালো মেশিন চুরি হয়েছে। গতকাল রবিবার দিনগত রাতে স্যালো মেশিন চুরির ঘটনা ঘটে।

এবিষয়ে সোমবার বিকেলে গাংনী থানায় একটি অভিযোগ দায়ের করেছেন ভুক্তভোগী ওই কৃষক।

কৃষক শহিদুল ইসলাম জানায়্, তার গ্রামের মাঠে বোরো ধানের জমিতে সেচ দিয়ে সন্ধায় মেশিনটি পলেথিন কাগজ দিয়ে জড়িয়ে ঢেকে রেখে আসি। সোমবার সকালে স্যালো মেশিনের কাছে গিয়ে দেখি মেশিনটি নেই। পরে বিকেলে গাংনী থানায় একটি অভিযোগ জানিয়ে এসেছি। বোরো মৌসুমের শুরুতে স্যালোমেশিন চুরি হওয়ায় দিশেহারা হয়ে পড়েছেন কৃষক শহিদুল ইসলান।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, কৃষকের স্যালোমেশিন চুরির বিষয়ে জানতে পেরেছি। ঘটনার সাথে জড়িতদের খুজে বের করার চেস্টা অব্যাহত রয়েছে।

মেহেরপুরে যুগান্তর পত্রিকার ২৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী

উদযাপন

মেহেরপুরে যুগান্তর পত্রিকার ২ যুগে পদার্পণ করায় প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়।
সোমবার সকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাবে আলোচনা সভা ও একজন যুদ্ধ শিশুকে শুভেচ্ছা স্মারক প্রদানের মাধ্যমে জমকালো প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করে যুগান্তরের পাঠক সংগঠন স্বজন সমাবেশ।

গাংনী উপজেলা সমবায় অফিসার ও সাংস্কৃতিক কর্মী মাহবুবুল হক মন্টুর সঞ্চালনায় মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক স্বজন সমাবেশের সভাপতি আব্দুল্লাহ আল-আমিনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও পৌরসভার চেয়ারম্যান মাহফুজুর রহমান রিটন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক খ ম ইমতিয়াজ হারুন জুয়েল, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি ও দৈনিক যুগান্তর পত্রিকার সাংবাদিক তোজাম্মেল আযম, জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও দৈনিক ইত্তেফাক পত্রিকার সাংবাদিক মাহবুব চান্দু, কালের কন্ঠের সাংবাদিক ও মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, জেলা শিল্পকলা একাডেমির সাবেক সাধারণ সম্পাদক আনোয়ারুল হক কালু, সাংস্কৃতিক কর্মী শামিম জাহাঙ্গীর সেন্টু, জেলা প্রেস ক্লাবের কোষাধাক্ষ ও বাসসের সাংবাদিক দিলরুবা খাতুন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি এম এ লিংকন যুদ্ধ শিশু সেলিনা সেফি সহ বিভিন্ন অতিথি এবং সংবাদকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুর পৌরসভার চেয়ারম্যান মাহফুজুর রহমান রিটন বলেন সাংবাদিকতা এটা পেশা না এটা একটি নেশা যাদের নেশা তারাই সাংবাদিক হতে পারে। এলাকার উন্নয়নে সাংবাদিকদের লেখার স্বাধীনতা দিতে হবে। সাংবাদিকদের লেখার মাধ্যমে ভুলত্রুটি সংশোধণ করার সুযোগ থাকে। একই সঙ্গে সাংবাদিকদেরও বস্তুনিষ্ঠতা বজায় রেখে লেখার আহবান করেন।

সভাপতির বক্তব্যে মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক ও যুগান্তর স্বজন সমাবেশের সভাপতি আব্দুল্লাহ আল-আমিন বলেন বাংলাদেশকে আধুনিক রাষ্ট্রে পরিণত করতে চায় আমরা বাংলাদেশকে

[redacted]

[redacted]

স্কুলের মাস্টারকে মোটামুটি ভুলিয়ে-ভালিয়ে বলেছে যে আমাকে একটু সালাম দিয়ে দেন। তিনি আরো বলেন, সম্মান পাওয়ার যে যোগ্য সে ছাড়া অন্য কাউকে গার্ড অফ অনার দেওয়া যাবে না।

মেহেরপুর প্রতিদিনকে ধন্যবাদ জানিয়ে ফ্রিল্যান্সার সাংবাদিক আতাউর রহমান বলেন, অনলাইন জুয়া পত্রিকায় উঠিয়ে নিয়ে এসেছে। সেখানেই শেষ শেষ করতে চাই না একজন নাগরিক হিসেবে বলতে চাই ডিসি মহোদয়, এসপি মহোদয় আপনারা এখন মেহেরপুরের সন্তান। আপনারা জনগণের সাথে মিশে জনগণের সাথে সাহস দিয়ে কথা বলবেন তবেই এই অন্যায়গুলো প্রতিহত হবে। আমরা জেনেছি বিভিন্ন কাজী অফিসে বাল্যবিবাহ হচ্ছে প্রচুর পরিমাণে গোপনে, এটা অবশ্যই মেহেরপুরের জন্য কলঙ্ক। কারণ বাল্যবিবাহ মুক্ত মেহেরপুর জেলা ঘোষণা হয়েছিল।

সংগঠনের যুগ্ম সাধারণ সম্পাদক দিলারা জাহান বলেন, ঐতিহাসিক মুজিবনগর খ্যাত মেহেরপুর জেলায় আমরা জন্মগ্রহণ করে করে নিজেকে ধন্য মনে করি এবং গর্ববোধ করি। এই মেহেরপুর জেলা শান্তির জেলা হিসেবে খ্যাত থাকবে এবং পরিচালিত থাকবে এটাই আমাদের কাম্য। আজকের জেলায় যে অবনতি এবং মেহেরপুর জেলায় যে বিশৃঙ্খলা জেলাকে ছোট করার জন্য যে কুচক্রি মহল কাজ করছে তাদেরকে তুলে নিয়ে এসে তাদের মুখোশ খুলে দিয়ে তাদেরকে শাস্তির আওয়াতার আনার দাবি করছি। আমাদের এই জেলায় এক সময় পাড়ায় পাড়ায় মহল্লায় মহল্লাই চাঁদাবাজি হতো, গুন্ডামি হত মাস্তানি হত এবং প্রকাশ্যে সন্ত্রাসীরা অস্ত্র নিয়ে ঘুরে বেড়াতো । আজকে কিন্তু এটা নাই বললেই চলে। আজকে তার উল্টোটা ঘটছে যেখানে যেই মানুষগুলোর আস্থাভাজন যাদের উপরে আমরা সাধারণ মানুষ ভরসা করি যাদের ভরসায় আমরা পথ চলতে পারি সেই মানুষগুলোই সাধারণ মানুষকে জিম্মি করে ভয় দেখিয়ে তাদের মুখ বন্ধ করে রেখেছে। আমরা যেই গণমাধ্যমকে ভরসা করি সেই গণমাধ্যমের কিছু কুচক্রিমহল তারা টিম তৈরি করে এই সমাজের পরিবেশ নষ্ট করছে। তারা পাড়ায় পাড়ায় মহল্লায় মহল্লায় গ্রামে গ্রামে শিক্ষা প্রতিষ্ঠানে এমনকি তারা সাপুড়ে কবিরাজ থেকে শুরু করে তাদের কাছে চেয়েও চাঁদা নিয়ে আসছে। প্রশাসন এর জন্য কাজ করছে তাদেরকে ধরছে তাদেরকে আবারও জামিনের আওতায় নিয়ে এসে তারা আবার সেই অপকর্মে কাজে লিপ্ত হচ্ছে। দিলারা আরো বলেন, হোটেল আটলান্টিক কাণ্ডতে সাংবাদিকসহ অনেকের নাম এসেছে। শুধুমাত্র কয়েকজন পুলিশের অভিযান ধরা পড়েছে। বাকিরা দেদারছে ঘুরে বেড়াচ্ছে। আমাদের তারা নির্দোষ হলে সাংবাদিক সম্মেলন করতো পারতো, তা কিন্তু তারা করেনি। এবং তাদের বিরুদ্ধে যদি কেউ ষড়যন্ত্র করে থাকে তারা যদি ষড়যন্ত্রের শিকার

হয়ে থাকে তাহলে তদন্তের মাধ্যমেও সেটা বেরিয়ে আসুক।

মেহেরপুরে প্রতিবন্ধী ধর্ষণ মামলায় এক জনের যাবজ্জীবন কারাদন্ড

মেহেরপুরে বাক প্রতিবন্ধী ধর্ষণ মামলায় খোকন ওরফে প্রতিক (২০) নামের একজনকে যাবজ্জীবন কারাদণ্ড ও পাঁচ লক্ষ টাকা জরিমানার আদেশ দিয়েছেন আদালত।

আজ সোমবার (২০ ফেব্রুয়ারী) দুপুরে মেহেরপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিজ্ঞ বিচারক মো. তহিদুল ইসলাম এ আদেশ দেন। দন্ডিত খোকন ওরফে প্রতিক মেহেরপুরের মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের মুকুল শেখের ছেলে। মামলার অপর আসামি আজিজুল শেখের ছেলে কালু মিয়ার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে বেকসুর খালাস দেওয়া হয়েছে।

মামলার বিবরণে জানা গেছে, ২০১৭ সালের ৪ ফেব্রুয়ারী দুপুর ১২ টার সময় মোনাখালী গ্রামের শাহিনের স্ত্রী বেলি খাতুন তার বাক প্রতিবন্ধী মেয়ে নাজমা খাতুন (১৪)কে নিয়ে তার পিতা শিবপুর গ্রামের বাবর আলীর বাড়িতে বেড়াতে যায় । ঘটনার দিন সন্ধায় নাজমা খাতুনকে নানা বাড়ি রেখে ফুফা সোনা ভানুর সাথে দেখা করতে যান বেলি খাতুন। মায়ের ফিরতে দেরি হলে বাক প্রতিবন্দী নাজমা খাতুন তার মাকে ডাকতে যায়।

প্রতিবন্ধী নাজমা খাতুন খোকন ও ওরফে প্রতিকের বাড়ির কাছে পৌঁছালে প্রতিক তাকে জাপটে ধরে এবং তার গায়ের চাদর দিয়ে মুখ বেঁধে ঘরে নিয়ে জোরপুবর্ক ধর্ষন করে। নাজমা খাতুন বিষয়টি ইশারার মাধ্যমে পরিবারের লোকজনকে জানালে ঘটনার সত্যতা জেনে ওই দিন বেলি খাতুন বাদী হয়ে খোকন ওরফে প্রতিককে আসামী করে মুজিবনগর থানায় একটি ধর্ষন মামলা দায়ের করেন। যার মামলা নং-১,তারিখ-৪/০২/২০১৭।

মামলার তদন্তকারি কর্মকর্তা এসআই সুব্রত কুমার পাল আদালতে তদন্ত প্রতিবেদন দাখিল করেন ওই বছরের ৩১ জুলাই। মামলার তদন্ত প্রতিবেদন ও পর্যায়ক্রমে ১৬জন স্বাক্ষীর সাক্ষ্য গ্রহন শেষে বিজ্ঞ বিচারক আসামীকে যাবজ্জীবন কারাদন্ড ও পাঁচ লক্ষ টাকা জরিমানার আদেশ দেন।

মামলায় রাষ্ট্রপক্ষের আইনজীবী কে এম আসাদুজ্জামান ও আসামি পক্ষের গোলাম মোস্তফা আইনজীবীর দায়িত্ব পালন করেন।

রাষ্ট্র পক্ষের আইনজীবী একেএম আসাদুজ্জামান জানান, আসামী বিজ্ঞ বিচারকের কাছে ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমুলক জবানবন্দী প্রদান করে এবং মামলার সমস্ত আলামত প্রমানিত হওয়ায় তাকে উপযুক্ত সাজা প্রদান করেছেন বিজ্ঞ বিচারক। এ রায়ে বাদী পক্ষের লোকজন সন্তোষ প্রকাশ করেছেন।